দৈনিক সংবাদ

তারিখ ... JUL. 3 1999

পৃঃ ১ কলাম ৫

৭৮

## জেলা প্রশাসন তালা ঝুলিয়েছে

# টাঙ্গাইল টাউন বিদ্যালয়ের নয় শতাধিক ছাত্রছাত্রীর পড়ালেখা বন্ধ

**টাঙ্গাইল থেকে নিজস্ব সংবাদদাতা :** জেলা প্রশাসন পুলিশ পাঠিয়ে শহরের প্রাচীনতম এবং ঐতিহ্যবাহী সরকারি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান টাউন প্রাইমারি বিদ্যালয় ভবনে তালা ঝুলিয়ে দিয়েছে। ফলে এই সরকারি বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের ক্লাস হচ্ছে না। ৯ শতাধিক শিক্ষার্থীর পড়ালেখা বন্ধ হয়ে গেছে। এই ঘটনাকে কেন্দ্র করে ছাত্র-শিক্ষক-অভিভাবক এবং স্থানীয় জনগণের মধ্যে তীব্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। অবিলম্বে বিদ্যালয় ভবনের তালা খুলে দেয়ার এবং ঘটনার সুষ্ঠু তদন্তের দাবি জানিয়ে জনসাধারণের পক্ষ থেকে উর্ধ্বতন সরকারি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

বিদ্যালয় কর্তৃপক্ষ এবং স্থানীয় অধিবাসীরা জানান, বৃটিশ শাসনামলে ১৯৩৯ সালে শহরের ভিক্টোরিয়া সড়কে বিশিষ্ট আইনজীবী পূর্ণেন্দু মোহন ঘোষ তার নিজ বাসভবনে টাউন প্রাইমারি স্কুল প্রতিষ্ঠা করেন। ৪৭-এ ভারত বিভক্তির পর স্কুলের নামে জমি রেজিস্ট্রি না করেই তিনি সপরিবারে ভারত চলে যান। ১৯৭৩ সালে বঙ্গবন্ধুর সরকার ৪১ শতাংশ ভূমিসহ টাউন প্রাইমারি বিদ্যালয় সরকারিকরণ করেন। '৭৫-এ বঙ্গবন্ধুকে নির্মমভাবে হত্যার পর সামরিক সরকারের আমলে এই বিদ্যালয়ের ভূমিকে শত্রু সম্পত্তি অভিহিত করে মহিলা সমিতির নামে ১৪ শতাংশ এবং ল' কলেজের নামে ৬ শতাংশ ভূমি লিজ দেয়া হয়। এই ল' কলেজকে আরো ভূমি দেয়ার উদ্দেশ্যে গত ২১শে জুন জেলা প্রশাসন পুলিশ পাঠিয়ে বিদ্যালয়ের ৭২ ফুট×১২ ফুট টিনশেড ভবনের চেয়ার বেঞ্চসহ আসবাবপত্র বাইরে বের করে দরজায় তালা ঝুলিয়ে দেন। বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি হামিদুল হক মোহন গত ২৯শে জুন এক পত্রে জেলা প্রশাসকের নিকট তালাবদ্ধ বিদ্যালয়গৃহের তালা খুলে দেয়ার আবেদন জানান। কিন্তু এখনও তালা খোলা হয়নি। ফলে বিদ্যালয়ের ৯ শতাধিক শিক্ষার্থীর ক্লাস বন্ধ রয়েছে।

এলাকাবাসী জানান, ১৯৭৩ সালে ৪১ শতাংশ ভূমিসহ টাউন প্রাইমারি স্কুল সরকারিকরণের পর ওই বিদ্যালয়ের সম্পত্তি সরকারি সম্পত্তি। কিন্তু পরবর্তীকালে ওই সরকারি সম্পত্তিকেই শত্রু সম্পত্তি অভিহিত করে পৃথক দুটি প্রতিষ্ঠানের নামে কিভাবে ২০ শতাংশ ভূমি লিজ দেয়া হলো? তারা অবিলম্বে স্কুল ভবনের তালাবদ্ধ গৃহ খুলে দেয়ার এবং এ ব্যাপারে সুষ্ঠু তদন্তের জন্য সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছেন।